দৈনিক বাংলা

তারিখ 29 MAR 1995
পৃষ্ঠা ৭ কলাম ৭

05

কৃষি বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষায় '৯১ সনে পাস ছাত্ররা অংশ নিতে পারছে না

সংবাদদাতা : কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।– ২৮ মার্চ।– কৃষি বিশ্ব-বিদ্যালয়ে ১৯৯১ সনে মাধ্যমিক পরীক্ষা উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারছে না। ইতিমধ্যে ৫৭০টি আসনের জন্য এ বিশ্ববিদ্যালয়ে দশ হাজারের কিছু বেশী আবেদনপত্র জমা পড়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রচলিত রীতি অনুযায়ী মোট আসন সংখ্যার দশ গুণ পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এ নিয়মের পরিপ্রেক্ষিতে এ বছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বনিম্ন ১৩৪৪ নম্বর প্রাপ্ত ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

উল্লেখ্য, ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য নম্বরপ্রাপ্ত পরীক্ষার্থীদের মধ্যে ৯২ সনে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সংখ্যাই বেশী। তার কারণ হচ্ছে ১৯৯২ সনে মাধ্যমিক পরীক্ষার অর্ধেক নম্বর mcq অনুষ্ঠিত হওয়ায় তাদের মাধ্যমিক পরীক্ষার নম্বর ১৯৯১ সনে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণদের চেয়ে বেশী। ফলে ১৯৯১ সনে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারী ছাত্রছাত্রীদের অধিকাংশই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। ১৯৯১ সনে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীরা সকলকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগদানের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে স্মারকলিপি পেশ করেছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন এ ব্যাপারে এখন কোন উদ্যোগ গ্রহণ করেনি।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংগঠনগুলোর নেতৃবৃন্দ এ বছর সকল ছাত্রছাত্রীকে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেওয়ার জন্যে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে জোর দাবি জানিয়েছে।